দৈনিক বাংলা

তারিখ ..[illegible]7 APR 1985
পৃষ্ঠা... ২ ...কলাম... ২ ...

013

(৩১)

## নতুন কোন ডিগ্রী পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হবে না

শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন-কক্ষে গতকাল অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং শিক্ষা মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাদের এক সভায় ডিগ্রী কলেজসমূহের মঞ্জুরি, ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠান, সেসন জট নিরসন এবং কলেজের পরিচালনা পরিষদ গঠনের ব্যাপারে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন।

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী ডিগ্রী পরীক্ষা সুষ্ঠু-

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

### ডিগ্রী পরীক্ষা কেন্দ্র

(১ম পাতার পর)

ভাবে অনুষ্ঠানের স্বার্থে নতুন কোন পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হবে না এবং কোন উপজেলায় একটির বেশী কেন্দ্র থাকবে না।

সভায় নকল প্রবণতা বন্ধ করার জন্য কঠোর মনোভাব গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয় এবং এ লক্ষ্যে নকলের সহায়তাদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরীক্ষা ও পরীক্ষা কেন্দ্র বাতিল, স্বীকৃতি প্রত্যাহার এবং সরকারী অনুদান বন্ধ করাসহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সেসন জট নিরসনের উদ্দেশ্যে অবিলম্বে কর্মপন্থা গ্রহণের ওপর তাগিদ দেয়া হয় এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়কে এ ব্যাপারে সুনির্দিষ্ট প্রস্তাব বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে প্রেরণ করতে বলা হয়।

সভায় ডিগ্রী কলেজসমূহের স্বীকৃতি ও পরিচালনা পরিষদ গঠনের বিষয়টি বিস্তারিত পরীক্ষা করে সুপারিশ আকারে পেশ করার জন্য অনুমোদনকারী বিশ্ববিদ্যালয় প্রকল্পের প্রকল্প উপদেষ্টা ড: এম, এ বারীর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়।

সভায় ডিগ্রী ও উচ্চতর পরীক্ষাসমূহে পরীক্ষা পদ্ধতি ও পরীক্ষার মূল্যায়ন সম্পর্কিত বিষয়টি পরিবর্তনের জন্য সুপারিশমালা প্রণয়নের দায়িত্ব বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ওপর অর্পণ করা হয়। প্রচলিত সিলেবাস ও কারিকুলাম যুগোপযোগী ও উন্নত করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে নির্দেশ দেয়া হয়।

সভায় শিক্ষাসচিব হেদায়েত আহমেদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান, অনুমোদনকারী বিশ্ববিদ্যালয় প্রকল্পের প্রকল্প উপদেষ্টা অধ্যাপক ড: এম, এ বারী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক ড: এম শামসুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আমানুল্লাহ আহমেদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড: আলমগীর মোহাম্মদ সিরাজ উদ্দিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড: সালেহ আহমেদ, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড: মোশাররফ হোসেন খান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড: মোহাম্মদ সিরাজুল ইসলাম এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড: আ হ ম করিম উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।